

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয্: শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণে উদুদ্ধকরণ সংক্রান্ত।

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে নিজ নিজ ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণের জন্য উদুদ্ধকরণে নিয়রূপ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্দ্ধের সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান উদ্বন্ধ ও নিশ্চিত করবেন;
- (খ) এ বিভাগের আওতাধীন বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ের দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীসহ আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে ভ্যাকসিন গ্রহণে উদুদ্ধ করবেন;
- (গ) সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের বিষয়ে উদুদ্ধ করবেন;
- (ঘ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিক, কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদুদ্ধকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান করবেন।

gine

১-৮-২০২১

মোঃ নজরুল ইসলাম উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas admin1@moedu.gov.bd

বিতরণ :

 চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তাঁর আওতাধীন সকল দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

তারিখ: ১৭ গ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

Sime

১-৮-২০২১ মোঃ নজরুল ইসলাম উপসচিব